

০৩	ডিজিটাল পরিমাপক যন্ত্রের ব্যবহার সংক্রান্ত আলোচনা	কৃষি বিপণন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে ওজনে কারচুপি বন্ধে ডিজিটাল পরিমাপক যন্ত্রের ব্যবহারে নরসিংদীর ব্যবসায়ীগণকে সচেতন হওয়া প্রয়োজন।	প্রতিটি বাজারের প্রত্যেক ব্যবসায়ীকে ডিজিটাল পরিমাপক যন্ত্রের ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে। সঠিক পরিমাপক যন্ত্র ব্যবহার করতে হবে। ওজনে কারচুপি পরিলক্ষিত হলে কৃষি বিপণন আইন-২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহন করতে হবে।	০১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী। ০২. উপজেলা নির্বাহী অফিসার(সকল) নরসিংদী। ০৩. কৃষি বিপণন কর্মকর্তা, নরসিংদী। ০৪. সভাপতি, চেম্বার অব কমার্স, নরসিংদী। ০৫. সভাপতি ও সাধারণ সম্পাদক, বাজার কমিটি (সকল)।
০৪	কৃষি বিপণন আইন-২০১৮ অনুযায়ী ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা প্রদর্শন, ক্রয়মূল্যের রশিদ সংরক্ষণ ও কৃষি বিপণন অধিদপ্তরের মূল্য তালিকা বিতরণ কার্যক্রম।	চেম্বার অব কমার্স সভাপতি বলেন, প্রতিটি দোকানে মূল্য তালিকা টানানো নিশ্চিত করা গেলে এবং ক্রয়মূল্যের রশিদ ব্যবসা প্রতিষ্ঠানে সংরক্ষণ করলে দ্রব্যমূল্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখা সম্ভব। এ ব্যাপারে ব্যবসায়ী প্রতিনিষিদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য আহ্বান জানানো হয়।  উক্ত বিষয়ে সভাপতি মহোদয় বলেন, দ্রব্য মূল্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে ও বাজার মনিটরিং করতে ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা টাঙ্গানো ও ক্রয়মূল্যের রশিদ সংরক্ষণের গুরুত্ব অপরিহার্য। যা ব্যবসায়ীদের প্রতিপালন করা আবশ্যিক। কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত নমুনা মূল্য তালিকার ন্যায় সকল ব্যবসায়ীদের মূল্য তালিকা প্রস্তুত করে ব্যবসা প্রতিষ্ঠানে সংরক্ষণ ও এটি ব্যবহারের পরামর্শ প্রদান করেন। ব্যবসায়ীদের নমুনা মূল্য তালিকা বিতরণ কার্যক্রমের প্রশংসা করে সভাপতি মহোদয় বলেন এটি কৃষি বিপণন অধিদপ্তরের একটি চমৎকার উদ্যোগ যা ব্যবসায়ীদের আইন প্রতিপালনে সহায়ক ভূমিকা পালন করবে।	ব্যবসা প্রতিষ্ঠানে মূল্য তালিকা টাঙ্গানো ও ক্রয়মূল্যের রশিদ সংরক্ষণ করা আবশ্যিক। যার ব্যত্যয় ঘটলে কৃষি বিপণন আইন-২০১৮ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করে ব্যবস্থা গ্রহণ করা হবে।	০১. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী। ০২. উপজেলা নির্বাহী অফিসার(সকল) নরসিংদী। ০৩. কৃষি বিপণন কর্মকর্তা, নরসিংদী। ০৪. সভাপতি, চেম্বার অব কমার্স, নরসিংদী। ০৫. সভাপতি ও সাধারণ সম্পাদক, বাজার কমিটি (সকল)।

অতঃপর সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. বদিউল আলম)

জেলা প্রশাসক

ও

সভাপতি


জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি  
নরসিংদী।

তারিখঃ ২২-১০-২০২৩খ্রিঃ।

স্মারক নং-১২.০২.৩০৬৮.১০৯.০৬.০০১.১৮-৩১২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। উপপরিচালক(উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। সদস্য, জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি----- (সকল)।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল) নরসিংদী।
- ৫। সভাপতি/সাধারণ সম্পাদক, বাজার কমিটি----- (সকল)।
- ৬। অফিস কপি।

  
২২/১০/২৩

(মোঃ নাজমুল হক টুটুল)  
কৃষি বিপণন কর্মকর্তা (দাঃ প্রাঃ)

ও

সদস্য সচিব

জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি  
নরসিংদী।

মোবাঃ ০১৫১৮-৩৮১৬২৮